

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৪৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ হাদীস বিষয়ে অনভিজ্ঞ ব্যক্তি যেই হাদীসকে রহিত হিসেবে আখ্যায়িত করে এবং বলে যে, হাদীসটিকে সালাতে কথা বলা রহিতকারী হাদীস রহিত করেছে

ذِكْرُ خَبَرٍ يَحْتَجُّ بِهِ مَنْ جَهِلَ صِنَاعَةَ الْحَدِيثِ وَزَعَمَ أَنَّهُ مَنْسُوخٌ نَسَخَه نسخُ الْكَلَامِ في الصلاة

## আরবী

2246 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ أَبِي وَكِيْهِ أَيُّوبَ بْنِ أَبِي تَمِيمَةَ عَنْ مُحَمَّدِ بْنِ سِيرِينَ: عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ أَيُّوبَ بْنِ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَلَّمَ سَلَّمَ مِنَ اثْنَتَيْنِ مِنْ صَلَاةِ الْعَشِيِّ فَقَامَ إِلَيْهِ ذُو الْيَدَيْنِ فَقَالَ: أَقُصِرَتِ الصَّلَاةُ أَمْ نَسِيتَ؟ فَقَالَ: (أَكَمَا يَقُولُ ذُو الْيَدَيْنِ؟ ) نَسْيِتَ؟ فَقَالَ: (أَكَمَا يَقُولُ ذُو الْيَدَيْنِ؟ ) قَالُوا: نَعَمْ فَأَتَمَّ مَا بَقِيَ مِنَ الصَّلَاةِ ثُمَّ سَلَّم ثم سجد سجدتي السهو.

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2246 | خلاصة حكم المحدث: صحيح \_ ((الإرواء)) (2/ 130) , ((الروض النضير)) (1097) ((صحيح أبي داود)) (923).

قَالَ أَبُو حَاتِمٍ: هَذَا خَبَرٌ أَوْهَمَ عَالِمًا مِنَ النَّاسِ أَنَّ هَذِهِ الصَّلَاةِ كَانَتْ حَيْثُ كَانَ الْكَلَامُ فِي الصَّلَاةِ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ نَسْخَ مُبَاحًا فِي الصَّلَاةِ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ وَلَيْسَ كَذَلِكَ لِأَنَّ نَسْخَ الْكَلَامِ فِي الصَّلَاةِ وَلَلِكَ قَبْلَ الْكَلَامِ فِي الصَّلَاةِ كَانَ بِمَكَّةَ عِنْدَ رُجُوعِ ابْنِ مَسْعُودٍ مِنْ أَرْضِ الْحَبَشَةِ وَذَلِكَ قَبْلَ الْهَجْرَةِ بِثَلَاثِ سِنِينَ وَرَاوِي هَذَا الْخَبَرِ أَبُو هُرَيْرَةَ وَأَبُو هُرَيْرَةَ أَسْلَمَ سَنَةَ خَيْبَرَ ـ سَنَةَ سَنْخِ الْكَلَامِ فِي سَبْعٍ مِنَ الْهِجْرَةِ ـ فَذَلِكَ مَا وَصَفْتُ عَلَى أَنَّ قِصَّةَ ذِي الْيَدَيْنِ كَانَ بَعْدَ نَسْخِ الْكَلَامِ فِي الصَّلَاةِ بِعَشْرِ سِنِينَ سَوَاءً فَكَيْفَ يَكُونُ الْخَبَرُ الْمُتَأَخِّرِ مَنْسُوخًا بالخبر المتقدم؟

বাংলা



২২৪৬. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক রাতের সালাতে দুই রাকা'আত পড়ে সালাম ফেরান। তখন যুলইয়াদাইন সাহাবী তাঁর উদ্দেশ্যে দাঁড়িয়ে যান এবং বলেন, "সালাত কি কমিয়ে দেওয়া হয়েছে নাকি আপনি ভুলে গেছেন?" জবাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, "এর কোনটাই হয়নি।" তারপর তিনি লোকদের মুখোমুখী হন এবং বলেন, "যুলইয়াদাইন যা বলছে, ব্যাপারটা কি এমনই?" লোকজন বললেন, "জ্বী, হ্যাঁ।" অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাকি সালাত পূর্ণ করেন তারপর সালাম ফেরান অতঃপর দুটি সাহু সাজদা করেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসটি কোন কোন আলিমকে এই সংশয়ে ফেলে দেয় যে, এটা হয়তো সে সময়ের সালাত ছিল, যখন সালাতে কথা বলা বৈধ ছিল, তারপর সেটা রহিত করা হয় সালাতে কথা বলা হারাম সম্পর্কিত হাদীসের মাধ্যমে। কিন্তু ব্যাপারটি এমন নয়। কেননা কেননা সালাতে কথা বলা রহিত হয়েছিল মক্কায়, যখন আব্দুল্লাহ বিন মাস'উদ রাদ্বিয়াল্লাহু আনহু হাবশা থেকে মক্কায় আসেন। এটা হয়েছিল হিজরের তিন বছর আগে। আর এই হাদীসের বর্ণনাকারী হলেন আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু, তিনি সপ্তম হিজরীতে খাইবার যুদ্ধের বছরে ইসলাম গ্রহণ করেন। এজন্য আমি বর্ণনা করেছি যে, যুলইয়াদাইনের ঘটনা ঘটেছিল সালাতে কথা বলা রহিত হওয়ার পুরোপুরি ১০ বছর পর। কাজেই আগের হাদীস দিয়ে কিভাবে পরের হাদীস রহিত হতে পারে?"

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৯৩; মুসনাদ ইমাম শাফে জ: ১/১২১; সহীহ আল বুখারী: ৭১৪; আবূ দাউদ: ১০০৯; তিরমিযী: ৩৯৯; নাসাঈ: ৩/২২; তাহাবী, শারহু মা আনিল আসার: ১/৪৪৪; সুনান বাইহাকী: ২/৩৫৬; সহীহ মুসলিম: ৫৭৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৯২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন